ইত্তেফাক

৮।১।৮২



# যতদিন খাদ্যঘাটতি থাকিবে ততদিন খাল খনন কাজ অব্যাহত থাকিবে

## —প্রেসিডেন্ট

শেরপুর টাউন, ৫ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতার টেলিফোন) প্রেসিডেন্ট আবদুস সাত্তার আজ সকালে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে মৃগী নদী হইতে চরপক্ষীমারি ও বর্গীবিল খাল খনন কাজের উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রেসিডেন্ট বলেন, মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমান দুই বৎসর পূর্বে খাল খনন কর্মসূচীর মাধ্যমে যে বৈপ্লবিক কর্মসূচীর সূচনা করিয়া গিয়াছেন, বর্তমান সরকার ও বিএনপি তাহার সেই আরব্ধ কাজ বাস্তবায়ন করিতে দৃঢ়প্রতিজ্ঞ। দেশে যতদিন পর্যন্ত খাদ্য ঘাটতি থাকিবে ততদিন খাল খনন ও পুনঃখনন কাজ অব্যাহত থাকিবে। তিনি বলেন, আমরা দীর্ঘদিন বিদেশ হইতে খাদ্য ভিক্ষা করিয়া আনিতে পারি না। তিনি উল্লেখ করেন, গত বৎসর খরাজনিত কারণে খাদ্য উৎপাদন

( ২য় পৃঃ দ্রঃ )

ব্যাহত হইয়াছে, তবে সরকার বিদেশ হইতে খাদ্য আমদানী করিয়া সেই খাদ্য ঘাটতি পূরণ করিবে। তিনি প্রতিটি গ্রামে গণশিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করিয়া নিরক্ষর লোকদের অক্ষর জ্ঞানদান করিবার জন্য শিক্ষিত লোকদের প্রতি আহ্বান জানান। তিনি জনসংখ্যা বিস্ফোরণ রোধের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্যও সকলের প্রতি আহ্বান জানান।

বিকালে তিনি শেরপুর জেলা বিএনপি আয়োজিত এক জনসভায়ও ভাষণ দেন। এডভোকেট হাবিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত ঐ সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন খন্দকার আবদুল হামিদ এমপি, জেলা উন্নয়ন সমন্বয়কারী ডাঃ সিরাজুল হক, স্বরাষ্ট্র উপমন্ত্রী অধ্যাপক আবদুস সালাম, আইন ও সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী ব্যারিষ্টার আবদুস সালাম তালুকদার। জনসভায় ভাষণদানের পূর্বে প্রেসিডেন্ট পূর্বশেরী গণশিক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

জামালপুর হইতে ইত্তেফাক সংবাদদাতা টেলিফোনে জানান, প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তার আজ সকালে জামালপুর থানাধীন মেসতা ইউনিয়নের মঠবাড়ীতে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে খাল খনন কাজের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে প্রেসিডেন্ট বলেন, বিরোধীদলের নেতারা খাল খনন কর্মসূচী নিয়া যতই সমালোচনা করুক না কেন দেশবাসী উহার সুফল পাইতে শুরু করিয়াছে। তাই এখন আর কাহাকেও তাগাদা দিয়া খাল খনন কর্মসূচীতে উদ্বুদ্ধ করিতে হয় না। তাহারা এখন স্বেচ্ছায় খাল খনন কাজে অংশগ্রহণ করিতেছে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন আইন প্রতিমন্ত্রী ব্যারিষ্টার আবদুস সালাম, মিসেস রহিমা খন্দকার এমপি, ও ইউপি চেয়ারম্যান জনাব মনিরুজ্জামান।

প্রেসিডেন্ট স্থানীয় পাবলিক বিদ্যালয়ে গণশিক্ষা কার্যক্রম প্রত্যক্ষ করেন।